দৈনিক বাংলা

তারিখ 22 DEC 1991
পৃষ্ঠা

40

# ঢাকা ও কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল ঃ পাস ৫৭ শতাংশ

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা ও কুমিল্লা শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের এইচএসসি পরীক্ষার ফল শনিবার প্রকাশিত হয়েছে। দুটি বোর্ডের মোট এক লক্ষ ৫০ হাজার ৮৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৮৫ হাজার ৮৫৭ জন ছাত্র–ছাত্রী পাস করেছে। ফেল করেছে ৬৪ হাজার ২২৮ জন। পাসের গড় হার ৫৭ দশমিক ২৪। ফেলের হার ৪২ দশমিক ২৬।

দুটি বোর্ডে পাস করা ছাত্র–ছাত্রীদের মধ্যে ১১ হাজার ৬৫৫ জন প্রথম বিভাগ, ৩২ হাজার ৭৬৫ জন দ্বিতীয় বিভাগ এবং ৪১ হাজার ৪৩৭ জন তৃতীয় বিভাগ লাভ করেছে। দুই বোর্ডে এবার তুলনামূলকভাবে মেয়েরা ভাল করেছে। মেয়েদের পাসের হার ৬১ দশমিক ৭৫ এবং ছেলেদের পাসের হার ৫৫ দশমিক ৫ শতাংশ। এবার দুটি বোর্ডের মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্রের সংখ্যা ছিল এক লক্ষ ৮ হাজার ৭৯৪ জন এবং ছাত্রীর সংখ্যা ৪১ হাজার ২৯১ জন।

## ঢাকা বোর্ড

ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় এবার ৮৬ হাজার ৯৩ জন ছাত্র–ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। পাস করেছে ৪৯ হাজার ১০৪ জন। ফেল করেছে ৩৬ হাজার ৯৮৯ জন। পাসের হার ৫৭ দশমিক ০৪ ভাগ। মোট পরীক্ষার্থীদের মধ্যে ৯ হাজার ৫৩৩ জন প্রথম বিভাগ, ১৯ হাজার ৯২৮ জন দ্বিতীয় বিভাগ এবং ১৯ হাজার ৬৪৩ জন তৃতীয় বিভাগ লাভ করে। ঢাকা বোর্ডের ছাত্রীদের পাসের হার ৬১ দশমিক ৮৪ ভাগ।

ঢাকা বোর্ডের মোট পরীক্ষার্থীর মধ্যে বিজ্ঞান বিভাগে ২৫ হাজার ৪৭০ জন, কলা বিভাগে ৪৪ হাজার ৪১২ জন এবং বাণিজ্য বিভাগে ১৫ হাজার ৬৬৪ জন পরীক্ষায় অংশ নেয়। বিজ্ঞান বিভাগে পাসের হার ৬১ দশমিক ৭৭, কলা বিভাগে ৫১ দশমিক ৩১, বাণিজ্য বিভাগে ৬৫ দশমিক ৩৩ ভাগ। এছাড়া কৃষি বিভাগে পাসের হার ২৭ দশমিক ৮৪, গার্হস্থ্য অর্থনীতিতে ৮৪ দশমিক ৮৬ ভাগ এবং সঙ্গীত ও ইসলামী শিক্ষায় পাসের হার যথাক্রমে ৭২ দশমিক ৭৩ ও ৬৬ দশমিক ৬৭ ভাগ।

ঢাকা বোর্ডের বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে ঢাকা কলেজের ছাত্র মোস্তফা মোহাম্মদ রিয়াদ আরফিন। (৭–এর পৃঃ ১–এর কঃ দ্রঃ)

## ঢাকা ও কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল ঃ পাস ৫৭ শতাংশ

(প্রথম পৃঃ পর)

সে পাঁচটি বিষয়ে লেটারসহ মোট ৯৯৯ নম্বর পেয়েছে। দ্বিতীয় হয়েছে ঢাকা কলেজের ছাত্র নাহিদ ইবনে রহমান। সে পাঁচটি লেটারসহ ৯৯৮ নম্বর পেয়েছে।

তৃতীয় স্থান লাভ করেছে মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র শওকত আলী। চারটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর হচ্ছে ৯৭৮। কলা, ইসলামিক শিক্ষা ও সঙ্গীত বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ মহসীন পাশা। তিনটি লেটারসহ সে ৮৯১ নম্বর পেয়েছে। দ্বিতীয় হয়েছে ভিকারুন্নেসা নূন কলেজের ছাত্রী নাহিদ সাবরিনা আলম। চারটি লেটারসহ তার নম্বর ৮৮৮। তৃতীয় হয়েছে ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের ছাত্রী হুমায়রা সুলতানা। দু'টি লেটারসহ তার প্রাপ্ত নম্বর হচ্ছে ৮৬৩। বাণিজ্য শাখায় মেধা তালিকায় প্রথম হয়েছে মাদারীপুর সৈয়দ আবুল হোসেন কলেজের ছাত্র জাহিদ হোসেন পনির। দুটি লেটারসহ সে ৮২৬ নম্বর পেয়েছে। দ্বিতীয় হয়েছে ঢাকা কমার্স কলেজের ছাত্রী মাসুদা খানম। দুটি লেটারসহ সে পেয়েছে ৮২২ নম্বর। তৃতীয় হয়েছে ঢাকা কলেজের ছাত্র সাজ্জিদ হায়দার পাশা। দুটি লেটারসহ সে পেয়েছে ৮২০ নম্বর।

সম্মিলিত মেধা তালিকায় এবারও ঢাকা কলেজের ছাত্র–ছাত্রীরা ভাল করেছে। বিজ্ঞান শাখার মোট ২০টি স্থানের মধ্যে এ কলেজের ১৬ জন ছাত্র ১২টি স্থান একক ও যুগ্মভাবে দখল করেছে। এরপর রয়েছে মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্ররা।

### কুমিল্লা বোর্ড

কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষায় এবার ৬৩ হাজার ৯৯২ জন ছাত্র–ছাত্রী অংশ নেয়। এর মধ্যে ছাত্রীর সংখ্যা ১৬ হাজার ১১৮ জন। মোট পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩৬ হাজার ৭৫৩ জন। ফেল করেছে ২৭ হাজার ২৩৯ জন। পাসের হার ৫৭ দশমিক ৪৩ ভাগ।

কুমিল্লা বোর্ডে এবার দু' হাজার ১২২ জন প্রথম বিভাগ, ১২ হাজার ৮৩৭ জন দ্বিতীয় বিভাগ এবং ২১ হাজার ৭৯৪ জন তৃতীয় বিভাগ লাভ করেছে।

এ বোর্ডের বিজ্ঞান বিভাগে পাসের হার ৬১ দশমিক ১৬ ভাগ, মানবিক বিভাগে ৫৩ দশমিক ৩১ ভাগ, বাণিজ্য বিভাগে ৬৩ দশমিক ৭৮ ভাগ ও কৃষি বিভাগে ৩৪ দশমিক ২৫ ভাগ। এ বোর্ডে মেয়েদের পাসের হার ৬১ দশমিক ৬৭ ভাগ।

কুমিল্লা বোর্ডের বিজ্ঞান শাখার সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে ফৌজদারহাট ক্যাডেট কলেজের ছাত্র আবরার হোসেন কাদেরী। সে চারটি লেটারসহ ৯৫৫ নম্বর পেয়েছে। দ্বিতীয় হয়েছে একই কলেজের ছাত্র আহসান উল্লাহ আরিফ। চারটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৯২০।

মানবিক শাখায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে চট্টগ্রাম কলেজের ছাত্রী মুসলিমা রহমান। তিনটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৭৯৩। দ্বিতীয় হয়েছে একই কলেজের ছাত্রী সাবরিনা মাহমুদ। তিনটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৭৬৮।

বাণিজ্য শাখায় প্রথম হয়েছে সরকারী বাণিজ্য কলেজ চট্টগ্রামের ছাত্রী হোসনে আরা সিদ্দিকী। তিনটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৭৮৪। দ্বিতীয় হয়েছে একই কলেজের ছাত্রী তাহিরা জান্নাত চৌধুরী। একটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৭৫৬।

কুমিল্লা বোর্ডে ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম কলেজ, ভিক্টোরিয়া সরকারী কলেজ, সিলেট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম সরকারী বাণিজ্য কলেজের ছাত্র–ছাত্রীরা ভাল করেছে।

### মহিলাদের প্রাধান্য

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, কুমিল্লা শিক্ষা বোর্ডের এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৩টি বিভাগে প্রথম ২০টি স্থান অধিকারীদের তালিকায় মোট ৬০টি স্থানের মধ্যে ২৩টি স্থান দখল করেছে মহিলারা। এর মধ্যে মানবিক বিভাগেই ২০টি স্থানের মধ্যে প্রথম ৪টিসহ মোট ১৩টি স্থান দখল করে।

### চট্টগ্রাম সরকারী কলেজ

খুবই কৃতিত্বপূর্ণ ফল দেখিয়েছে চট্টগ্রামের চট্টগ্রাম সরকারী কলেজ।

তিনটি বিভাগে প্রথম ২০টি করে স্থানের মোট ৬০টি স্থানের মধ্যে মানবিক বিভাগে প্রথম ৪টিসহ মোট ২১টি পদ দখল করে এই কলেজ। এছাড়া মানবিক বিভাগের মহিলাদের মেধা তালিকায় প্রথম ১০টি স্থানের মধ্যে ১টি ছাড়া সবকটি স্থান দখল করেছে চট্টগ্রাম কলেজ।

অনুরূপভাবে বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান বিভাগের মহিলাদের প্রথম ১০টি মেধা তালিকায় ১টি ছাড়া সবকটি স্থান দখল করেছে চট্টগ্রাম সরকারী কলেজ।